## আমি উপরের তালিকাভুক্ত গ্রুপগুলোর একটিতে রয়েছি, আমাকে কেন অপেক্ষা করতে হবে?

কোভিড-19 টিকা ব্যবহারের জন্য অনুমোদিত এবং প্রতিটি ব্যাচ তৈরি হওয়ার সাথে সাথে পাওয়া যাবে।

তাই সর্বোচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তিদের রক্ষা করার জন্য প্রতিটি ডোজই দরকারি। পর্যাপ্ত পরিমাণ টিকা পাওয়া মাত্রই আপনাকে ডাকা হবে।

কিছু লোকজন যারা বাড়িতে থাকতে বাধ্য বা কেয়ার হোমে থাকেন এবং যারা স্থানীয় টিকা কেন্দ্রে যেতে পারবেন না তাদের সঠিক ধরণের টিকা সরবরাহের জন্য অপেক্ষা করতে হতে পারে। এটি এই কারণে যে কেবল কিছু কিছু টিকা মানুষের বাড়িতে নিয়ে যাওয়া যেতে পারে।

## কোথায় আমি আমার কোভিড-19 টিকা পেতে পারি?

বেশ কয়েকটি স্থানে টিকা দেওয়া হবে। কিছু কিছু টিকা প্রদানকারী টিম টিকা দেওয়ার জন্য লোকজনের সাথে দেখা করবেন, যেমন কেয়ার হোম, অন্যান্য লোকজনদের নিকটতম কেন্দ্রে যেতে হতে পারে। যেহেতু কিছু কিছু টিকা খুব কম তাপমাত্রার ফ্রিজারে সংরক্ষণ করতে হয়, তাই আপনি আপনার সাধারণ জিপি সার্জারিতে টিকাটি নাও পেতে পারেন।

## আমার কেন্দ্রটিতে যদি সহজে না যাওয়া যায় তবে কী হবে?

অনুগ্রহ করে আপনার জন্য প্রস্তাবিত টিকা কেন্দ্রটিতে উপস্থিত হওয়ার চেষ্টা করুন। আপনি যদি সেই কেন্দ্রে উপস্থিত হতে না পারেন তবে আপনাকে আরও সুবিধাজনক স্থানে টিকাটি পাওয়ার জন্য অপেক্ষা করতে হতে পারে।

## আমি কি ব্যক্তিগতভাবে বা ফার্মেসিতে কোভিড-19 টিকার জন্য অর্থ প্রদান করতে পারি?

না, কোভিড-19 টিকা কেবলমাত্র এনএইচএস-এর মাধ্যমে উপযুক্ত গ্রুপগুলোর জন্য পাওয়া যাবে এবং এটি একটি বিনামূল্যের টিকা।

---

**করোনাভাইরাস ইয়েলো কার্ডের মাধ্যমে খোঁজ করে সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া সহ, আপনার টিকা সম্পর্কে বিশদ জানতে অনুগ্রহ করে পণ্যের তথ্য সংক্রান্ত লিফলেটটি পড়ুন।**

**একই ওয়েবসাইটে বা ইয়েলো কার্ড অ্যাপ ডাউনলোড করে আপনি সন্দেহজনক পার্শ্বপ্রতিক্রিয়ার ব্যাপারেও রিপোর্ট করতে পারেন।**

coronavirus-yellowcard.mhra.gov.uk

---

টিকাদান, সবচেয়ে দুর্বলদের রক্ষা করতে সহায়তা করে।

আপনার যদি কোভিড-19 এর উপর আরও তথ্যের প্রয়োজন হয়ে তবে অনুগ্রহ করে ভিজিট করুন: www.nhs.uk/covidvaccination

© ক্রাউন কপিরাইট 2020.
COV2020308V2BN 5M 1p JAN (APS) 2021
Public Health England gateway number: 2020455
আপনি যেখান থেকে এই বিনামূল্যের আরও লিফলেট অর্ডার করতে পারবেন www.healthpublications.gov.uk



Public Health England

NHS

# কোভিড-19 এর টিকাদান আমাকে কেন অপেক্ষা করতে হবে?

**কোভিড-19 টিকার সরবরাহ সম্পর্কিত তথ্য**

কোভিড-19 এর টিকাদান
নিজেকে রক্ষা করুন।

Withdrawn June 2021

## কোভিড-19 এর জটিলতার সবচেয়ে ঝুঁকিতে থাকা লোকজনকে প্রথমে কোভিড-19 টিকা নেওয়ার জন্য বলা হয়েছে।

**যুক্তরাজ্যে, দুই ধরণের কোভিড-19 টিকা অনুমোদন পেয়েছে। দীর্ঘকালব্যাপী সুরক্ষা প্রদানের জন্য তাদের দুইটি ডোজের প্রয়োজন হবে। উভয়টিকেই ক্লিনিক্যাল পরীক্ষায় নিরাপদ এবং কার্যকর হিসাবে দেখানো হয়েছে।**

**একটি স্বাধীন বিশেষজ্ঞ দল এনএইচএস-কে সুপারিশ করেছে যে রোগ হওয়ার সর্বোচ্চ ঝুঁকিতে রয়েছে এবং কোভিড-19 এর কারণে গুরুতর জটিলতায় ভুগবেন বা মারা যাবেন তাদেরকে যেন প্রথমে এই টিকাগুলো দেওয়া হয়। এতে অন্তর্ভুক্ত রয়েছে কেয়ার হোমের প্রবীণ প্রাপ্তবয়স্ক এবং সম্মুখ সারির হেলথ এবং সোশ্যাল কেয়ার ওয়ার্কারগণ।**

**যখন আরও টিকা উপলব্ধ হবে, তখন ঝুঁকিতে থাকা অন্য লোকজনদেরকে যত তাড়াতাড়ি সম্ভব টিকা দেওয়ার জন্য বলা হবে।**

## আপনাকে টিকা দেওয়ার জন্য বলা হলে আপনাকে নিতে হবে যদি আপনি:

**প্রবীণ প্রাপ্তবয়স্কদের জন্য কেয়ার হোমে বাস করছেন**




**সম্মুখ সারির হেলথকেয়ার ওয়ার্কার**



**সম্মুখ সারির সোশ্যাল কেয়ার ওয়ার্কার**



**প্রবীণ প্রাপ্তবয়স্কদের জন্য কেয়ার হোমে কাজ করা কেয়ারার**



## তারপরে এই টিকাটি বয়সের ক্রমে দেওয়া হবে:

- যাদের বয়স 80 বছরের বেশি
- যাদের বয়স 75 বছরের বেশি
- যাদের বয়স 70 বছরের বেশি
- এনএইচএস এর শিল্ডেড রোগীর তালিকায় থাকা প্রাপ্ত বয়স্করা
- যাদের বয়স 65 বছরের বেশি
- দীর্ঘস্থায়ী স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা রয়েছে এমন প্রাপ্ত বয়স্ক যাদের বয়স 65 বছরের কম (তালিকা দেখুন)।

যাদের বয়স 50-64 বছর তাদের এটি পরে দেওয়া হবে।

**আপনার পালার জন্য অপেক্ষা করুন। আপনি যদি উপরের গ্রুপগুলোতে না থাকেন, সেক্ষেত্রে আরও সরবরাহ না আসা পর্যন্ত আপনাকে কোভিড -19 এর টিকা নেওয়ার জন্য অপেক্ষা করতে হবে।**

**যখন আরও টিকা পাওয়া যাবে তখন আমরা এটি জনসংখ্যার আরও গ্রুপগুলোকে সরবরাহ করব।**

### শারীরিক সমস্যার তালিকা:

- রক্তের ক্যান্সার (যেমন লিউকেমিয়া, লিম্ফোমা বা মায়েলোমা)
- ডায়াবেটিস
- ডিমেনশিয়া
- হৃদপিণ্ডের সমস্যা
- বুকের সমস্যা বা শ্বাস নিতে অসুবিধা, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ব্রঙ্কাইটিস, এম্ফিসেমা বা মারাত্মক হাঁপানি
- কিডনি'র (বৃক্কের) রোগ
- লিভারের (যকৃতের) রোগ
- রোগ বা চিকিৎসার কারণে রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যাওয়া (যেমন এইচআইভি সংক্রমণ, স্টেরয়েড জাতীয় ওষুধ, কেমোথেরাপি বা রেডিওথেরাপি)
- রিউমেটিক আরথ্রাইটিস, লুপোস বা সোরিয়াসিস
- অঙ্গ প্রতিস্থাপিত হয়েছে
- স্ট্রোক বা ট্রানসিয়েন্ট ইসকেমিক অ্যাটাক (ক্ষণস্থায়ী ইসকেমিক আক্রমণ) (টিআইএ) হয়েছে
- নিউরোলজিক্যাল বা মাংসপেশি ক্ষয় হয়ে যাওয়ার মত শারীরিক সমস্যা
- গুরুতর বা সুস্পষ্ট লার্নিং ডিজেবিলিটি
- আপনার প্লীহাতে সমস্যা, উদাহরণস্বরূপ, সিকল সেল রোগ, বা যদি আপনার প্লীহা সরানো হয়ে থাকে
- ওজন মারাত্মকভাবে বেশি (40 বা তার চেয়ে বেশি বিএমআই)
- মানসিকভাবে গুরুতর অসুস্থ

### একই সাথে আর যাদেরকেও টিকাটি দেওয়া হবে:

- প্রাপ্ত বয়স্ক যারা বয়স্ক বা ডিজেবল ব্যক্তিদের নিয়মিত পরিচর্যা প্রদান করেন
- দীর্ঘ সময়ের জন্য নার্সিং এবং আবাসিক পরিবেশের অবস্থানকারী কম বয়স্কগণ

Withdrawn June 2021